

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.০৭.০০৪.১১.১০৭৫

তারিখ : ০৪/০৬/২০১১ খ্রি:।

বিষয় :- ২০১১ সালের অভ্যন্তরীণভাবে বোরো সংগ্রহের লক্ষ্যমাত্রা, মূল্য, সময়সীমা এবং উপজেলাওয়ারী সিদ্ধ চালের বিভাজন।

- সূত্র : ১। খাদ্য বিভাগ, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় এর স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৩.০৯.১০৪, তারিখ ০২-০৬-২০১১ইং।
২। খাদ্য বিভাগ, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় এর স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৩.০৯.১০৬, তারিখ ০৪-০৬-২০১১ইং।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে বর্ণিত স্মারকে ২০১১ সালে অভ্যন্তরীণভাবে বোরো সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে :

- (ক) বোরো সংগ্রহের সময়সীমা ০৫-০৬-১১ইং থেকে ৩০-০৯-১১ইং পর্যন্ত বলবৎ থাকবে ;
(খ) অভ্যন্তরীণ বোরো সংগ্রহের লক্ষ্যমাত্রা : সিদ্ধ চাল - ৬.০০ লক্ষ মেঃ টন;
(গ) বোরো সংগ্রহ মূল্য : সিদ্ধ চাল কেজি প্রতি ২৯/- (উনত্রিশ) টাকা ;
(ঘ) মিলারদের সাথে চুক্তি সম্পাদনের সময়সীমা ১৬/০৬/২০১১ ইং তারিখ পর্যন্ত ;
(ঙ) মিলারদের প্রদেয় বস্তার জামানত মূল্য যথাক্রমে ৫০ কেজির বস্তা প্রতি ৮০.০০ (আশি) টাকা এবং ৮৫ কেজির বস্তা প্রতি ১০০.০০ (একশত) টাকা ;
(চ) খাদ্য বিভাগ, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের ১৪/০৬/১০ ইং তারিখের খাদ্যব্যয়/খাবি/অভ্যঃসংগ্রহ/নীতিমালা-১/২০০৯/৪৮ নং স্মারকে জারীকৃত অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা-২০১০ এবং সংশোধনী-এর নির্দেশনা মোতাবেক সংগ্রহ কার্যক্রম পরিচালনা করতে হবে ;
(ছ) বোরো সংগ্রহ-২০১০ মৌসুমে চুক্তি সম্পাদনে ব্যর্থ, চুক্তি সম্পাদন করেও চাল সরবরাহ না করা এবং চুক্তি অনুযায়ী আংশিক/সমুদয় চাল সরবরাহকারী চালকল সমূহের বিষয়ে খাদ্য অধিদপ্তরের ১৫/০৫/১১ইং তারিখের সপ/সংগ্রহ/বোরো সংগ্রহ-২৬/২০১০/৯৩০(৭) নং স্মারকের মর্মানুযায়ী চলতি বোরো সংগ্রহ-১১ মৌসুমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এক্ষণে সূত্রে বর্ণিত স্মারকদ্বয়ে ধার্যকৃত ৬,০০,০০০ মেঃ টন লক্ষ্যমাত্রার উপজেলাওয়ারী বিভাজন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসংগে প্রেরণ করা হল। প্রেরিত লক্ষ্যমাত্রার বিভাজন তার অঞ্চলের অন্তর্ভুক্ত জেলা/উপজেলা সমূহের জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রকসহ সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

এমতাবস্থায় উপরে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী সংগ্রহ নীতিমালা যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের চাল সংগ্রহের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

স্বাঃ-

(আহমদ হোসেন খান)
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
ঢাকা/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/খুলনা/সিলেট/বরিশাল বিভাগ।

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.০৭.০০৪.১১.১০৭৫

তারিখ : ০৪/০৬/২০১১ খ্রি:।

অনুলিপি :

- ১। সচিব, খাদ্য বিভাগ, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
৪। সকল পরিচালক খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হল।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৭। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, দপ্তরে ফ্যাক্স করার জন্য অনুরোধ করা হল।

স্বাঃ-

পরিচালক, সংগ্রহ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।